

বর্ষাকেলি

জল নয় আয়নায় ভেসে থাকে  
কিছু রাজহাঁস  
কিছু পাতিকাক  
আষাঢ়ের কালো ছেনে থির  
অগ্নি ও নৈর্ধাতে  
গুন্মবীথি পত্রপুষ্পে গহনার বাক্স খোলে  
বাওপাকুল লোল মেঘে বাজে রাবীন্দ্রমন্দিরা  
ভূমিনত ঝাউবন জলমগ্ন শূন্যতায়  
ভূ তুলে উড়ে যায় বিস্ময়িত নীলে  
উবে যায় মাঠে  
শূন্য দুপুর  
উষা পাখায়  
উড়ে উড়ে  
দূরের গম্বুজ ছুঁয়ে ক্লান্ত কৃষ্ণকাতান  
লোকালয়  
নদীপাথি  
বর্ষাতি  
ফর্সা রোদুর রেখে প্রাণে মাখে তিমিরলাবণ্য  
আমরা ক'জনা বিবর্তিত বৃক্ষচারী  
শিরস্রাণ খুলে রেখে গায়ে মাথি  
বর্ষার কালোজল  
স্নেহে ও সৌরভে  
বিকশিত সন্ধ্যায়  
পরিব্রাণের মস্ত্রে কণ্ঠে তুলি শৈশবের সংরাগ।

পরিমল রায়

